গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**ডোমার সরকারি কলেজ**
ডোমার, নীলফামারী।
E-Mail : domarcollege@gmail.com Web-Site : www.domargc.edu.bd
কলেজ কোড ঃ ০১৭১ মোবাইল নং- ০১৩০৯১২৪৮৯২ EIIN : 124892 টেলিফোন ঃ ০৫৫২৩-৭৫০১২

তারিখ ঃ ০৪/০৫/২০২৫ খ্রি.

# সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ডিগ্রী ১ম বর্ষ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি ঃ-

এই কলেজের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ ডিগ্রী ১ম বর্ষ শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের উপবৃত্তির কার্যক্রম ইতোমধ্যেই শুরু হয়েছে। উপবৃত্তি প্রাপ্তির জন্য অনলাইন এ আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আগামী **১২/০৫/২০২৫ খ্রি.** তারিখে মধ্যে অফিসে জমার নির্দেশ দেওয়া হলো।

*** তথ্য প্রদানে ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে -**

১। ডিগ্রী রেজিস্ট্রেশন কার্ড ও ডিগ্রী এ্যাডমিট কার্ডের (১মবর্ষ) ফটোকপি (১+১)- ২টি ;
২। এইচএসসি পাশের মার্কসীটের ফটোকপি- ১টি ;
৩। শিক্ষার্থীর জন্মসনদ ও [জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (যথি থাকে)]- ১টি করে ;
৪। অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ১টি ;
৫। ছাত্র/ছাত্রীর পাসপোর্ট সাইজ ছবি- ১টি।
৬। সচল মোবাইল ব্যাংকিং (নগদ) হিসাবের তথ্যাদি (উপবৃত্তির ফরমে লিখে দিতে হবে)।

উল্লেখ্য যে, উপবৃত্তির আবেদন ফরমে অভিভাবকের তথ্যের ঘরে যাকে অভিভাবক হিসেবে যার তথ্য দেওয়া আছে **পেমেন্টের তথ্য** ঘরে তাঁর হিসাব নম্বর নাম ও এনআইডি নম্বর দিতে হবে।

(স্বাক্ষর) ৪/৫/২৫

(মোঃ রাশেদুল হক- ১৮২৫২)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ডোমার সরকারি কলেজ
ডোমার, নীলফামারী।

মোঃ রাশেদুল হক (০০০১৮২৫২)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ডোমার সরকারি কলেজ
ডোমার, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২৫-২৭৩

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

# স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তির আবেদন এন্ট্রির বিজ্ঞপ্তি ২০২৫

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২২-২৩ (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশনা অনুসারে শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে https://estipend.pmeat.gov.bd সফটওয়্যারে নিম্নে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে:

১। স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষার্থীদের https://estipend.pmeat.gov.bd সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে আবেদন করার তারিখ ও সময় **১৫ এপ্রিল ২০২৫ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ১৫ মে ২০২৫ খ্রি. রাত ১১:৫৯ টা** পর্যন্ত।

২। সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের আবেদনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর উপস্থিতি ও বাছাই কমিটির রেজুলেশন অনলাইনে সফটওয়্যারে আপলোড করে PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে forward করার তারিখ ও সময় **১৬ মে ২০২৫ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ২৭ মে ২০২৫ খ্রি. রাত ১১:৫৯ টা** পর্যন্ত।

৩। বর্ণিত নির্ধারিত সময়ের পরে কোন শিক্ষার্থীর আবেদন এন্ট্রি বা শিক্ষা প্রতিষ্ঠান থেকে PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে forward করা যাবে না।

৪। উল্লেখ্য, উপবৃত্তি প্রদানের নিমিত্ত শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীদের আবেদন ফরমে শিক্ষার্থী/পিতা/মাতা'র একাউন্ট নম্বর হিসাবে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এর আওতাধীন ডাক অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস হিসেবে শুধুমাত্র সচল **'নগদ'** একাউন্ট নম্বর এন্ট্রি করতে হবে।

৫। শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের www.pmeat.gov.bd ওয়েবসাইট এবং PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৬। স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তি সংক্রান্ত হেল্পলাইনঃ **০২-৫৫০০০৪২৮, ০১৭৭৮৯৬৪১৫৬ ও ০১৭২৪৫৯৬৬৭৬** (অফিস চলাকালীন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত হেল্পলাইন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

০৭/৪/২০২৫

(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৯২২
ই-মেইল: md@pmeat.gov.bd